

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
(শিক্ষা ও কল্যাণ শাখা)
website-www.dcsylhet.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট শিক্ষা ট্রাস্ট, সিলেট হতে বৃত্তি প্রদানের উদ্দেশ্যে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এইচ.এস.সি/আলিম বা সমমান, স্নাতক/ফাজিল বা সমমান এবং স্নাতকোত্তর/ ফার্মি বা সমমান পর্যায়ে অধ্যয়নরত সিলেট জেলার স্থায়ী, গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদের নিকট হতে সংযুক্ত শর্তাবলী সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উল্লিখিত শ্রেণীসমূহ ছাড়াও নবম শ্রেণীতে অধ্যয়নরত প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীরা (যারা ২০১১ সনের জেএসসি/ জেভিসি পরীক্ষার উত্তীর্ণ) আবেদন করতে পারবেন। প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের জন্য ১০% কোটা সংরক্ষিত থাকবে। মাধ্যমিক/ উচ্চ মাধ্যমিক/ সমমান স্তর হতে স্নাতকোত্তর/ সমমান স্তরে ২০১১ সাল পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষার পাশকৃত ছাত্রছাত্রীর গণ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

নির্ধারিত ফরম ও শর্তাবলী জেলা প্রশাসক, সিলেট এর ওয়েব সাইট www.dcsylhet.gov.bd থেকে ডাউনলোড করা যাবে বা জেলা প্রশাসকের শিক্ষা ও কল্যাণ শাখা বা সিলেট জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। আবেদনপত্র জেলা প্রশাসক বরাবরে ০৩/০৭/২০১২ মধ্যে পৌছাতে হবে। দরখাস্তের সাথে নিম্নবর্ণিত কাগজাদি সংযুক্ত করতে হবে।

- (ক) পাসপোর্ট সাইজের ০১(এক) কপি সত্যায়িত ফটো।
- (খ) বিগত পরীক্ষাসমূহ পাশের মার্কসিট এর সত্যায়িত কপি।
- (গ) পিতা ও মাতা উভয়ই বা যে কোন একজন জন্মসূত্রে সিলেট জেলার স্থায়ী বাসিন্দা এ মর্মে প্রত্যয়নপত্র ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।
- (ঘ) আবেদনের সাথে ১৮ বছরের বেশী বয়স্ক ছাত্র-ছাত্রীদের জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং ১৮ বছরের নীচের ছাত্র-ছাত্রীদের জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
- (ঙ) মুক্তিযোদ্ধা সন্তানদের পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি।
- (চ) ছাত্র-ছাত্রী দরিদ্র পরিবারের সন্তান ও মেধাবী এইমর্মে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ থাকতে হবে।

(সরদার মোঃ কেদারত হালী)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন)

সদস্য সচিব
বোর্ড অব ট্রাস্টিজ, সিলেট শিক্ষা ট্রাস্ট,
সিলেট।

তারিখঃ ১৭/০৭/১২খিঃ।

স্মারক নং ৪০৫/০.১১০০.০১৭.৩৬.০৩.১২-৩২৪(১০০)
(পেরুলিপি: অবগতি ও বহুল প্রচারণা জন্ম)।

- ১। উপজেলা নির্বাহী অফিসার..... (সকল), সিলেট।
- ২। অধ্যক্ষ/ রেজিষ্টার..... সিলেট।
- ৩। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট।
- ৪। জেলা শিক্ষা অফিসার, সিলেট।
- ৫। সম্পাদক, দৈনিক সিলেটের ডাক/দৈনিক সংলাপ, সিলেট। উক্ত প্রেস বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশের জন্য তাকে অনুরোধ করা হলো।
- ৬। জনাব গোবিন্দ কলকর্তা, আইজিডি জামা।
- ৭। গোপনীয় সহকারী.....

অন্যান্য শর্তাবলী সংযুক্তঃ

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন)
সিলেট।

হুমায়ুন
১৭/৭/১২

পরিশিষ্ট "ক"

শর্তাবলী

- শর্ত-১৪ (ক) অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পিতা ও মাতা বা পিতা অথবা মাতা যে-কোন একজনকে জন্মসূত্রে সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। ভুলনামূলকভাবে গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদেরকে বৃত্তি প্রদান করা হবে।
- (খ) মাধ্যমিক/ উচ্চ মাধ্যমিক/ সমমান স্তর হতে স্নাতোকোত্তর/ সমমান স্তরে ২০১১ সাল পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষায় পাশকৃত ছাত্র/ছাত্রীগণ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।
- শর্ত-১৫ সাধারণ শিক্ষার্থীদের ক্ষেত্রেঃ
- (ক) উচ্চ মাধ্যমিক/ সমমান স্তর হতে স্নাতোকোত্তর/ সমমান স্তরে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীরা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে নবম/দশম শ্রেণী স্তর হতে স্নাতোকোত্তর/ সমমান স্তরে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীরা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।
- (খ) এইচ.এস.সি / এইচ.এস.সি (ভোক) / এইচ.এস.সি (বিএম) / এইচ.এস.সি (পলিটেকনিক্যাল) পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পূর্ববর্তী বোর্ড পরীক্ষায় ন্যূনতম পক্ষে জিপিএ ৫.০০ থাকতে হবে।
- (গ) স্নাতক / ফায়াল পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পূর্ববর্তী বোর্ড পরীক্ষায় এস.এস.সি. ও এইচ.এস.সি এর মধ্যে একটিতে জিপিএ ৫.০০ এবং একটিতে জিপিএ ৪.০০ থাকতে হবে।
- (ঘ) স্নাতকোত্তর / কামিল পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ ছাত্রীদের স্নাতক/ সমমানের পরীক্ষায় জিপিএ ৩.০০ বা ১ম শ্রেণী থাকতে হবে। তবে এস.এস.সি ও এইচ.এস.সি পর্যায়ে জিপিএ ৩.০০ এর নীচে বা ২য় বিভাগ গ্রহণযোগ্য হবে না।
- (ঙ) এম.বি.বি.এস ও বি.এস.সি ইঞ্জিনিয়ারিং এ অধ্যয়নরত ছাত্র / ছাত্রীদের ক্ষেত্রে এস.এস.সি ও এইচ.এস.সি এর মধ্যে একটিতে জিপিএ ৫.০০ এবং একটিতে জিপিএ ৪.০০ থাকতে হবে।
- শর্ত-১৬ প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে পরীক্ষার ফলাফলের উজ্জ্বল শর্ত প্রযোজ্য হবে না।
- শর্ত-১৭ আবেদনের সাথে ১৮ বছরের বেশী বয়স্ক ছাত্র-ছাত্রীদের জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং ১৮ বছরের নীচের ছাত্র-ছাত্রীদের জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- শর্ত-১৮ মুক্তিযোদ্ধাদের সন্তানরা বৃত্তি প্রাপ্তিতে অগ্রাধিকার পাবেন। এজন্য পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- শর্ত-১৯ ছাত্র-ছাত্রী দরিদ্র পরিবারের সন্তান ও মেধাবী এইমর্মে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ থাকতে হবে।
- শর্ত-২০ প্রাইভেট মেডিকেল কলেজ ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের আবেদন করার প্রয়োজন নেই।